৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

খ) 'অন্যান্য দেশের প্রাগৈতিহাসিক ছবির সঙ্গে মূল পটুয়া ছবির তফাৎও আছে।' — প্রথমে দু-জাতীয় ছবির মিলের দিকটি আলোচনা করে তাদের প্রভেদের দিকটি লেখক কথিত কারণ সহ আলোচনা করো।

গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন হিসেবে কতখানি সার্থক তা বিচার করো।

ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধে মূলত নবীনের জয়গান গেয়েছেন — প্রসঙ্গ সহ পরিস্ফুট করো।

———





# ২০২৪

# বাংলা

## (প্রোগ্রাম)

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**চতুর্থ সেমেস্টার**

**কোর্স কোড : BNG-G-CC-T-4**

**(বাংলা উপন্যাস, নাটক, প্রবন্ধ)**

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি গ্রন্থাকারে কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়? বঙ্কিমচন্দ্র উপন্যাসটি কাকে উৎসর্গ করেন?

খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদের নাম কী?

গ) 'সমুদ্র দেখিব বড়ো সাধ ছিল, সেইজন্যই আসিয়াছি।' — কোথায় আসার কথা এখানে বলা হয়েছে?

ঘ) 'আহা! কী দেখিলাম! জন্ম জন্মান্তরেও ভুলিব না।' — বক্তা কী জন্য এমন মন্তব্য করেছেন?

(পরের পাতায়)

ঙ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে দুটি নারী চরিত্রের নাম লেখো।

চ) 'আঃ, মিছে তামাশা ছেড়ে দেও' — কে, কার সাথে কী তামাশা করেছিল?

ছ) 'সে কি গো? তুমি না সং সেজেছ?'—কে, কাকে কথাগুলি বলেছিল? কেন বলেছিল? উত্তরে সে কী শুনেছিল?

জ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধটি রবীন্দ্রনাথ কোন্ সময় রচনা করেছিলেন?

ঝ) 'জগতের মধ্যে কেবলমাত্র ভারতেরই জল বাতাসে এমন একটি অদ্ভুত জাদু আছে' — জাদুটি কী?

ঞ) রবীন্দ্রনাথ কোন্ প্রসঙ্গে, কাদের পক্ককেশের শুভ্র মরুভূমি বলেছেন?

ট) রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় প্রাণীকে 'কলের পুতুল' করে তোলা হয় বলে মন্তব্য করেছেন? কীভাবে সে কলের পুতুল হয়ে ওঠে?

ঠ) 'এই শ্রেণীর লোক আজকাল অনেক দেখা যায়' — কোন্ শ্রেণীর লোক অনেক দেখা যায়?

ড) 'পটুয়া শিল্প' নামক প্রবন্ধটির মূল বক্তব্য বিষয় কী?

ঢ) 'পটুয়া শিল্প' নামক প্রবন্ধটির সূচনা হয়েছে কোন্ আলোচনার সূত্রে?

ণ) 'সব মিলে একটা জগৎ নয় এবং কোনো পুরানে বিশ্বাস নেই' — কাদের কথা বলা হয়েছে? কেন বলা হয়েছে?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'সাগরবসনা পৃথিবী সুন্দরী; রমণী সুন্দরী; ধ্বনিও সুন্দর; হৃদয়তন্ত্রীর মধ্যে সৌন্দর্যের লয় মিলিতে লাগিল।' — কোন্ লেখকের কোন্ উপন্যাস থেকে উদ্ধৃত? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? সৌন্দর্যের লয় কেন মিলতে লাগল সংক্ষেপে তা বুঝিয়ে লেখো।

খ) 'এ সকল অলঙ্কার এই অঙ্গেরই উপযুক্ত' — উৎস নির্দেশ করে ব্যাখ্যা লেখো।

গ) 'পৃথিবীর সমস্ত বড়ো বড়ো সভ্যতাই দুঃসাহসের সৃষ্টি।' —'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধানুসারে মন্তব্যটির বিচার করো।

ঘ) 'শিল্পের সত্য অজ্ঞানে আবিষ্কার করেও তারা তাকে ধরে রাখতে পারল না।' — কাদের কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য নিরূপণ করো।

ঙ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে গৃহকর্তা হিসেবে নবকুমারের পিতার ভূমিকা আলোচনা করো।

চ) 'তুমি স্বর্গীয় কৃষ্ণপ্রসাদ ঘোষ মহাশয়ের ভ্রাতুষ্পুত্র যিনি বৃন্দাবন ধাম প্রাপ্ত হন' — উক্তিটি কে, কাকে করেছেন? বক্তব্যটিতে বক্তার চরিত্রের কি পরিচয় ফুটে ওঠে?



(পরের পাতায়)